

২০২৪

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : CC-13

(আধুনিক বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান - ৬৫

প্রাতিলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উভয় যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ‘দুঃস্মের প্রতি শকুন্তলা’ পত্রিকায় শকুন্তলার চরিত্রটি পুরাণ-মহাকাব্যের থেকে কতখানি স্বতন্ত্র, আলোচনা করো। ১০  
অথবা;  
(খ) ‘বীরাঙ্গনা’ কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- ২। (ক) ‘সোনার তরী’ কাব্যের ‘সোনার তরী’ কবিতাটি রূপক কবিতা হিসেবে কতখানি তাৎপর্য বহন করেছে, তা আলোচনা করো। ১০  
অথবা;  
(খ) নজরুল ইসলামের ‘দারিদ্র্য’ কবিতার ভাববস্তু ও নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০
- ৩। (ক) অমিয় চক্ৰবৰ্তী’র ‘সংগতি’ অবলম্বনে কবির সমন্বয়বোধের স্বরূপ সম্পর্কে আলোচনা করো। ১০  
অথবা;  
(খ) অমিতাভ দাশগুপ্তের ‘আমার নাম ভারতবর্ষ’ কবিতায় ভারতবর্ষের যে চিত্র ফুটে উঠেছে, তার পরিচয় দাও। ১০
- ৪। (ক) ‘দশরথের প্রতি কেকয়ী’ পত্রিকাটিকে কেন অনুযোগপত্র বলা হয়, সংক্ষেপে আলোচনা করো। ৫  
অথবা;  
(খ) ‘সোমের প্রতি তারা’ পত্র অনুসরণে তারা চরিত্রটির স্বরূপ সংক্ষেপে বিশ্লেষণ করো। ৫
- ৫। (ক) ‘নিরবদ্দেশ যাত্রা’ কবিতার ভাববস্তু সংক্ষেপে আলোচনা করো। ৫  
অথবা;  
(খ) “আমার চক্ষে পুরুষ-রমনী কোনো ভেদাভেদ নাই” — কবির এই মন্তব্যের মর্মার্থ নিরপেক্ষ করো। ৫

৬। (ক) “নগরীর মহৎ রাত্রিকে তার মনে হয় / লিবিয়ার জঙ্গলের মতো” — কবির এই মন্তব্যের নিহিতার্থ ব্যাখ্যা করো। ৫

অর্থব্যাখ্যা,

(খ) “আদিম হিংস্র মানবিকতার যদি আমি কেউ হই / স্বজনহারানো শুশানে তোদের / চিতা আমি তুলবই।” — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাংপর্য লেখো। ৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) শূর্পগুরুর প্রেম নিবেদন, তার যন্ত্রণাবিদ্ধ হৃদয়ের বহিঃপ্রকাশ।— আলোচনা করো।

(খ) ‘বসুন্ধরা’ কবিতায় কবির মর্ত্যপ্রীতির পরিচয় সংক্ষেপে লেখো।

(গ) ‘বৃক্ষ’ কবিতায় কবির সন্তার সঙ্গে বৃক্ষের সম্পর্কটি নিরূপণ করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ‘বীরাঙ্গনা কাব্য’-টি কত সালে প্রথম প্রকাশিত হয়?

(খ) ‘বীরাঙ্গনা কাব্য’-টি কবি কাকে উৎসর্গ করেন?

(গ) ‘বীরাঙ্গনা কাব্য’-তে মোট কত পত্র আছে?

(ঘ) “কে তুমি, বিজন বনে অম হে একাকী” — ‘তুমি’ কে?

(ঙ) “... তোমা বিনা / নাহি গতি অভাগীর আর এ সংসারে” — কার উচ্চি?

(চ) ‘সঞ্চিতা’ গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(ছ) ‘বিদ্রোহী’ কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(জ) “ফুটবে আবার দোলনঠাঁপা” — কখন ফুলটি ফুটবে?

(ঝ) ‘সোনার তরী’ কাব্যের প্রকাশকাল লেখো।

(ঝঝ) “সত্য করে কহ মোরে, হে বৈষ্ণব কবি” — কবি, বৈষ্ণব কবিকে কী প্রশ্ন করেছেন?

(ট) “একখানি গ্রাম, তীরে শুকাইছে জাল” — কবি এখানে কাদের কথা বলেছেন?

(ঠ) “তবু তাকে খুঁজি সারাক্ষণ” — কবি কাকে সারাক্ষণ খোঁজেন?

(ড) ‘বোধন’ কবিতায় কবি কাকে আহ্বান করেছেন?

(ঢ) “প্রথম স্বপ্নেরা হলো স্বাধীন।” — কখন কবির প্রথম স্বপ্নেরা স্বাধীন হল?

(ণ) ‘সোহংবাদ’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?